

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৫

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ, ০৬ কার্তিক ১৪১৬ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০০৯ খ্রিস্টাব্দ

নং শ্রকম/অধিশাখা-৫/শিল্প স্বাস্থ্য/১(১)০৯/৫১৭—এ মন্ত্রণালয়ের গত ০৭-৬-২০০৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং শ্রকম/অধিশাখা-৫/শিল্প স্বাস্থ্য/১(১)০৯/৩১০ এর আলোকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৩ এ বর্ণিত ক্ষমতাবলে সরকার, মালিক-শ্রমিক পক্ষের সমন্বয়ে ২২ সদস্যের “জাতীয় শিল্প স্বাস্থ্য ও নিরাপত্তা কাউন্সিল” সম্পর্কিত একটি কমিটি গঠন করা হয়। প্রজ্ঞাপনের ক্রমিক নং ৮—১৪ তে বর্ণিত মালিক পক্ষের মোট ৭ (সাত) জন প্রতিনিধির নাম পরিবর্তন করিয়া নতুন ৭ জন মালিক প্রতিনিধির নাম কমিটিতে প্রতিস্থাপনের জন্য শ্রম পরিদপ্তরের পত্র নং ডিএল/এলডব্লিউ এলপি/আইন/১৬/০৭/১৭৩ তারিখঃ ১৭-৯-০৯ এ অনুরোধের প্রেক্ষিতে তদস্থলে মালিক পক্ষের ৭ জন প্রতিনিধির নাম উক্ত কমিটির সদস্য পদে প্রতিস্থাপিত করা হইল।

২। উল্লেখ্য যে, গত ৭-৬-২০০৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং শ্রকম/অধিশাখা-৫/শিল্প স্বাস্থ্য/১(১)০৯/৩১০ এর ক্রমিক নং ৮—১৪ তে বর্ণিত মালিক পক্ষের পূর্বের ৭ জন সদস্যের নামের

(৭৬৫৫)

মূল্য : টাকা ২.০০

স্থলে নতুন ৭ জন সদস্যের নাম প্রতিস্থাপন করিয়া বাকী সদস্যগণের নাম, সদস্য পদ ও প্রজ্ঞাপনের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত রাখিয়া সংশোধিত প্রজ্ঞাপন জারী করা হইল।

- | | |
|---|-------------|
| (১) মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | চেয়ারম্যান |
| (২) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৩) সচিব, শিল্প মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৫) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৬) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৭) সচিব, যোগাযোগ মন্ত্রণালয় (পদাধিকারবলে)। | সদস্য |
| (৮) মিসেস রোকেয়া আফজাল রহমান, সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন। | সদস্য |
| (৯) জনাব কামরান টি রহমান, প্রাক্তন সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন। | সদস্য |
| (১০) মিসেস সাবরিনা ইসলাম, কমিটি সদস্য, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও পরিচালক, ওসমান টেক্সটাইলস লিমিটেড। | সদস্য |
| (১১) জনাব কাইহান এন. রহমান, কমিটি সদস্য, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও ব্যবস্থাপনা পর্ষদ সদস্য, বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন। | সদস্য |
| (১২) ডঃ মুহাম্মদ আব্দুল মঈন, কমিটি সদস্য, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও পরিচালক বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এণ্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন। | সদস্য |
| (১৩) জনাব ফারুক আহাম্মদ, সেক্রেটারী জেনারেল, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ঢাকা। | সদস্য |
| (১৪) জনাব কাজী সাইফুদ্দীন আহমদ, শ্রম উপদেষ্টা, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ঢাকা। | সদস্য |
| (১৫) জনাব মামুনউর রশিদ চৌধুরী, সহ সভাপতি, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস। | সদস্য |
| (১৬) জনাব শহীদুল্লাহ চৌধুরী, কার্যকরী সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র। | সদস্য |
| (১৭) জনাব গুরুর মাহামুদ, সহ সভাপতি, জাতীয় শ্রমিক লীগ। | সদস্য |

- (১৮) জনাব হাবিবুর রহমান আকন্দ, সহ সভাপতি, জাতীয় শ্রমিক লীগ। সদস্য
- (১৯) জনাব মোঃ রশিদুল্লাহ, সহ সভাপতি, জাতীয় শ্রমিক লীগ। সদস্য
- (২০) জনাব আলাউদ্দিন মিয়া, শ্রমিক উন্নয়ন ও কল্যাণ বিষয়ক সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ। সদস্য
- (২১) বেগম উম্মে হাসান ঝলমল, প্রশিক্ষণ সম্পাদিকা, বাংলাদেশ জাতীয় শ্রমিক জেট। সদস্য
- (২২) প্রধান পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর সদস্য-সচিব (পদাধিকারবলে)।

২.০। কাউন্সিলের কার্যাবলী নিম্নরূপ :

- (ক) মনোনীত সদস্যগণ ৩ (তিন) বৎসর মেয়াদে অধিষ্ঠিত থাকিবেন।
- (খ) কাউন্সিল উহার নিজস্ব কার্যবিধি অনুসরণ করিবে।
- (গ) কাউন্সিল—
- (১) শিল্প প্রতিষ্ঠানসমূহে নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য এবং উহাতে স্বাস্থ্য সম্মত বা পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ ও অবস্থা বজায় রাখিবার জন্য জাতীয় নীতিমালা প্রণয়ন করিবে।
- (২) উহার নীতিমালা বাস্তবায়নের জন্য দিকনির্দেশনা প্রস্তুত করিবে।
- (ঘ) প্রত্যেক প্রতিষ্ঠান কাউন্সিল কর্তৃক প্রস্তুতকৃত দিকনির্দেশনা অনুসরণে তৎকর্তৃক প্রণীত নীতিমালা বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবে।

মোঃ খলিলুর রহমান
উপ-সচিব।